**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 30-10-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

*******************

**PM Ekta Dibas :**

আগামীকাল রাষ্ট্রীয় একতা দিবস। এই উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ থেকে ২ দিন গুজরাট সফর করবেন। প্রধানমন্ত্রী আজ কেভাড়িয়ার একতা নগরে যাবেন এবং বিকেলে ই-বাস পরিষেবার সূচনা করবেন। পরে তিনি একতা নগরে ১হাজার ১৪০ কোটি টাকারও বেশি বিভিন্ন অবকাঠামো ও উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। আগামীকাল সকালে প্রধানমন্ত্রী স্ট্যাচু অফ ইউনিটিতে পুষ্পার্ঘ্য অর্পণ করবেন। পরে সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন করা হবে।

********************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল হরিয়ানার আম্বালা এয়ার ফোর্স স্টেশনে রাফাল যুদ্ধ বিমানে ২৫ মিনিটের জন্য সওয়ার হন। বায়ুসেনা ঘাঁটিতে পৌঁছানোর পর রাষ্ট্রপতিকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো হয়। উপস্থিত ছিলেন এয়ার চিফ মার্শাল অমরপ্রীত সিং, হরিয়ানার ক্যাবিনেট মন্ত্রী অনিল ভিজ প্রমুখ।

******************

**Rajnath Singh :**

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আগামী পয়লা নভেম্বর মালয়েশিয়ার কুয়ালালামপুরে আসিয়ান গোষ্ঠীর প্রতিরক্ষা মন্ত্রীদের দ্বাদশ বৈঠক- ADMM-Plus-এ অংশ নেবেন। ‘ADMM-Plus-এর ১৫ বছরের কার্যক্রম এবং আগামী

দিনের পথ নির্ধারণ’ বিষয়ে বক্তব্য রাখবেন তিনি। দুদিনের এই সফরে শ্রী সিং ADMM-Plus-এ অংশগ্রহণকারী দেশগুলির প্রতিরক্ষা মন্ত্রীদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে যোগ দেবেন।

****************

**Tripex-2025 :**

ডাক বিভাগের উত্তর-পূর্ব সার্কেলের তিনদিন ব্যাপী ডাকটিকিট প্রদর্শনী 'ট্রাইপেক্স - ২০২৫' গতকাল থেকে আগরতলার নজরুল কলাক্ষেত্র ও ললিত কলা একাডেমির প্রদর্শনী হলে শুরু হয়েছে। আগামী ৩১শে অক্টোবর পর্যন্ত চলবে এই প্রদর্শনী। স্বাধীনতার পর প্রকাশিত ভারতের প্রথম ডাক টিকিট প্রদর্শিত হয়। অনুষ্ঠানে উত্তর-পূর্ব সার্কেলের আওতাধীন উত্তর-পূর্ব রাজ্যগুলির উদ্ভিদ ও প্রাণীজগতের ছবি, ত্রিপুরার উজ্জয়ন্ত প্রাসাদের ছবি সম্বলিত পোস্টকার্ড প্রদর্শিত হয়।

****************

**Nipun Tripura-Gomati:**

নিপুণ ত্রিপুরা মিশন-এর তিন বছর পূর্তি উপলক্ষে গতকাল উদয়পুরে বিশেষ প্রতিযোগিতা ও প্রদর্শনীর আয়োজন করা হয়। উদ্বোধন করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার। অনুষ্ঠানে “নিপুণ ফেস্ট”-এর তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন শিক্ষা দপ্তরের ও.এস.ডি বিষ্ণু দত্ত। মোট ৩০ জন শিক্ষার্থীকে তাদের উৎকৃষ্ট প্রদর্শন ও অংশগ্রহণের জন্য প্রশংসাপত্র প্রদান করা হয়।

*****************

**Administrative Camp :**

শান্তিরবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামীকাল বকাফা ব্লকের লাউগাং এডিসি ভিলেজের ব্রু-পুনর্বাসন কেন্দ্রে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। এছাড়াও রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হবে। বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণ শিবিরে উপস্থিত থেকে স্থানীয় জনসাধারণকে বিভিন্ন পরিষেবা প্রদান করবেন।

************

**Rastriya Ekta Diwas - Band show :**

রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে গতকাল সন্ধ্যায় আগরতলার কলেজটিলায় ব্যান্ড শো আয়োজন করে টিএসআর-এর দশম ব্যাটেলিয়ান। উপস্থিত ছিলেন ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট অনির্বাণধর চৌধুরী।

************

**DM Visit :**

দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি গতকাল ঋষ্যমুখ গ্রাম পঞ্চায়েত, নলুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, মণিরামপুর, শিবপুর ও রতনপুর ভিলেজ এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে জেলাশাসক বিভিন্ন সুবিধাভোগীদের সাথে মত বিনিময় করেন|

************

**Tobacco Awareness Seminar :**

দক্ষিন জেলার সাব্রুম ভূমিহীন কলোনি জে.বি স্কুলে সাব্রুম মহিলা ক্লাস্টার বহুমুখী সমবায় সমিতির উদ্যোগে গতকাল নেশামুক্ত ভারত অভিযান বিষয়ক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভার উদ্বোধন করেন সাব্রুম মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার৷

************

**PMAY(U) :**

ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে গতকাল আবাস মেলা ও অঙ্গীকার শিবির অনুষ্ঠিত হয়। পুর পরিষদ আয়োজিত এই অনুষ্ঠানে মোট ৩৩১ জনের হাতে প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘর নির্মানে অনুমোদনপত্র প্রদান করা হয়। অনুষ্ঠানের উপস্থিত ছিলেন ধর্মনগর পুরপরিষদের চেয়ারপার্সন মিতালী রানী দাস সেন।

************

**Jatrapur PS**

পুলিশ ও টি.এস.আরের যৌথ বাহিনী গতকাল সিপাহীজলা জেলার যাত্রাপুর থানাধীন মনাইপাথর ও নেউরামুড়া এলাকার গভীর জঙ্গলে অভিযান চালিয়ে প্রায় ১000 গাঁজার চারা ধ্বংস করে। অভিযানের নেতৃত্বে ছিলেন যাত্রাপুর থানার ও.সি সিতিকান্ত বর্ধন।

************

**Badminton School Sports :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আগামী ৬ থেকে ৮ নভেম্বর ১৪ এবং ১৭ বছর অনুর্দ্ধ ছেলে ও মেয়েদের রাজ্যভিত্তিক ব্যাডমিন্টন স্কুল স্পোর্টস মিট বিলোনীয়া বিকেআই ইন্ডোর হলে অনুষ্ঠিত হবে। এই স্পোর্টস মিটকে সফল করতে গতকাল বিলোনীয়া পুর পরিষদের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি

সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

************

***********